# নেপালে বন্যা-ভূমিধসে মৃতের সংখ্যা বেড়ে ৫৭৯



সংগৃহীত ছবি

নেপালে কয়েক দিনের ভয়াবহ বন্যা ও ভূমিধসে প্রাণহানির সংখ্যা বেড়ে অন্তত ৫৭৯ জনে পৌঁছেছে। শুক্রবার দেশটির জাতীয় দুর্যোগ ঝুঁকি হ্রাস ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষ (এনডিআরআরএমএ) সর্বশেষ এই তথ্য জানিয়েছে। খবর বিবিসির।

কর্তৃপক্ষ জানিয়েছে, দুর্গত এলাকাগুলোতে উদ্ধার ও তল্লাশি অভিযান অব্যাহত থাকায় মৃতের সংখ্যা আরও বাড়তে পারে। ইতোমধ্যে বন্যা ও ভূমিধসে আটকা পড়া প্রায় ৪ হাজার মানুষকে উদ্ধার করা হয়েছে।

দুর্যোগের পর ক্ষতিগ্রস্ত বিভিন্ন এলাকায় উদ্ধার তৎপরতা জোরদার করা হয়েছে। নিখোঁজ ব্যক্তিদের সন্ধানে ধ্বংসস্তূপ ও দুর্গম পাহাড়ি এলাকায় অভিযান চালাচ্ছেন উদ্ধারকারীরা। তবে দুর্গম ভূখণ্ড ও প্রতিকূল পরিস্থিতির কারণে অনেক এলাকায় উদ্ধারকাজে বাধার মুখে পড়তে হচ্ছে।

LENS ASIA

নেপাল-চীন সীমান্তসংলগ্ন পার্বত্য অঞ্চলে বন্যার পানির সঙ্গে কাদা, পাথর ও ধ্বংসাবশেষের স্রোতে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। এতে বিভিন্ন স্থাপনা ও যোগাযোগ অবকাঠামো ক্ষতিগ্রস্ত হয়েছে।

এরই মধ্যে কয়েকটি এলাকায় নতুন করে বন্যার আশঙ্কা দেখা দেওয়ায় উদ্ধারকাজ কিছু সময়ের জন্য ব্যাহত হয়। পরিস্থিতি পর্যবেক্ষণের পাশাপাশি নিখোঁজদের উদ্ধারে নেপাল ও চীনের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ আবারও অভিযান জোরদার করেছে।

এখনো বহু মানুষ নিখোঁজ রয়েছেন। তাঁদের মধ্যে স্থানীয় বাসিন্দাদের পাশাপাশি বিভিন্ন দেশের পর্যটক ও তীর্থযাত্রীও রয়েছেন। নিখোঁজদের সন্ধান ও উদ্ধার অভিযান শেষ না হওয়া পর্যন্ত প্রাণহানির প্রকৃত সংখ্যা নিশ্চিত করা কঠিন বলে জানিয়েছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।